



## শ্রমিক ভালো থাকলেই দেশ ভালো থাকবে: প্রধানমন্ত্রী



শ্রমিক দলের সমাবেশে বক্তব্য রাখছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: ভিডিও থেকে নেওয়া

বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দায়িত্ব গ্রহণের পর বন্ধ হয়ে থাকা কলকারখানা পুনরায় চালুর উদ্যোগ নেওয়া হয়েছে এবং ধাপে ধাপে সব কারখানাই চালু করা হবে।

শুক্রবার রাজধানীর নয়াপল্টনে শ্রমিক দলের সমাবেশে তিনি জানান, কারখানা চালু হলে শ্রমিকদের কর্মসংস্থান বাড়বে এবং তাদের জীবনমান উন্নত হবে। শ্রমিকদের স্বার্থ রক্ষাকেই সরকারের অগ্রাধিকার বলে উল্লেখ করেন তিনি।

শ্রমিকদের উদ্দেশ্যে বক্তব্যে তিনি বলেন, নিজেকেও একজন শ্রমিক হিসেবে যুক্ত করতে চান এবং মন্ত্রিসভার সদস্যদেরও শ্রমিক হিসেবে তালিকাভুক্ত করার ইচ্ছা প্রকাশ করেন, যাতে সবাই মিলেই দেশের উন্নয়নে কাজ করতে পারে।

এ সময় গ্রামীণ উন্নয়ন প্রসঙ্গে তিনি বলেন, দেশের বেশিরভাগ মানুষ গ্রামে বসবাস করলেও তারা সময়মতো পানি পায় না। এ সমস্যা সমাধানে খাল খননের উদ্যোগ নেওয়া হয়েছে। কৃষক ও শ্রমিকদের জীবনমান উন্নত হলেই দেশের সার্বিক উন্নয়ন সম্ভব বলে তিনি মন্তব্য করেন।

ক্রীড়া উন্নয়ন নিয়েও পরিকল্পনার কথা তুলে ধরে তিনি জানান, নতুন প্রজন্ম থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে প্রশিক্ষণের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরার উদ্যোগ নেওয়া হবে। 'নতুন কুঁড়ি' কর্মসূচির আদলে এ কার্যক্রম শুরু করা হবে বলেও জানান তিনি।

সমাবেশে শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসাইনের সভাপতিত্বে আরও বক্তব্য দেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ অন্যান্য নেতারা।